

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৪০

১/ বিবিধ

আরবী

شر المال في آخر الزمان الممالك

موضوع

رواه أبو الحسن الحلبي في " الفوائد المنتقاة " (1 / 11 / 1) وأبو نعيم في " الحلية "

(4 / 94) عن أبي فروة يزيد بن سنان بن يزيد الرهاوي

أخبرنا أبي: أخبرنا محمد بن أيوب عن ميمون بن مهران عن عبد الله بن عمر

مرفوعا. ومن هذا الوجه رواه ابن عدي (2 / 311) وقال: " لا يرويه بهذا الإسناد، إلا

يزيد بن سنان عن محمد بن أيوب، وقد أتى هذا الحديث من الرهاوي لا من ابن

أيوب، وفي حديث الرهاوي ما لا يوافق الثقات عليه. " وقال أبو نعيم: " تفرد به محمد

بن أيوب

قلت: وقد ضعفه أبو حاتم لكن الراوي عنه يزيد بن سنان أشد ضعفا فقد قال النسائي

فيه: " ضعيف متروك الحديث ". وقال مرة: " ليس بثقة ". والحديث أورده السيوطي

في " الجامع " من راية أبي نعيم وحده، وتعقبه المناوي بقوله: " أورده ابن الجوزي في

" الموضوعات " وقال

يزيد متروك، وتبعه على ذلك المؤلف في مختصره الكبير فأقره ولم يتعقبه بشيء ".

قلت: وقد أصاب السيوطي هناك في " اللآليء " (2 / 140) ، وأخطأ في إيرادها في

الجامع " ، فقد جزم المحقق ابن القيم في " المنار " (ص 49) بأنه حديث موضوع،

وسبقه ابن الجوزي (2 / 235)

বাংলা

৭৪০। শেষ যামানার নিকৃষ্টতম সম্পদ হচ্ছে দাস-দাসীরা।

হাদীছটি জাল।

এটি আবুল হাসান আল-হালাবী "আল-ফাওয়ায়েদুল মুনতাকাত" (১/১১/১) গ্রন্থে এবং আবু নোয়াইম "আল-হিলইয়াহ" (৪/৯৪) গ্রন্থে আবু ফরওয়াহ ইয়াযীদ ইবনু সিনান হতে তিনি তার পিতা হতে তিনি মুহাম্মাদ ইবনু আইউব হতে তিনি মায়মূন ইবনু মিহরান হতে ... বর্ণনা করেছেন। ইবনু আদী (২/৩১১) বলেনঃ হাদীছটি এ সনদে ইয়াযীদ ইবনু সিনান ছাড়া অন্য কেউ মুহাম্মাদ ইবনু ইউসুফ হতে বর্ণনা করেননি। আবু নোয়াইম বলেনঃ মুহাম্মাদ ইবনু আইউব হাদীছটি এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তাকে আবু হাতিম দুর্বল আখ্যা দিয়েছেন। কিন্তু তার থেকে বর্ণনাকারী ইয়াযীদ ইবনু সিনান তার চেয়েও বেশী দুর্বল। তার সম্পর্কে নাসাঈ বলেনঃ তিনি দুর্বল, মাতরু্কুল হাদীছ। আরেকবার বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। হাদীছটি সুযুতী "আল-জামে" গ্রন্থে আবু নোয়ামের সূত্রে উল্লেখ করেছেন। এ কারণে মানবী তার সমালোচনা করেছেন। তিনি বলেছেনঃ হাদীছটি ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ ইয়াযীদ মাতরু্ক। লেখক (সুযুতী) "আল-লাআলী" (২/১৪০) গ্রন্থে তার (ইবনুল জাওয়ীর) কথাকে সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছিঃ সুযুতী হাদীছটি "আল-লাআলী" গ্রন্থে উল্লেখ করে ঠিক করেছেন। তবে তিনি "আল-জামে" গ্রন্থে উল্লেখ করে ভুল করেছেন। ইবনুল কাইয়িম আল-জাওয়ীয়াহ "আল-মানার" (পৃঃ ৪৯) গ্রন্থে দৃঢ়তার সাথে বলেনঃ হাদীছটি বানোয়াট।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71619>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন